

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী



Web- www.rajshahieducationboard.gov.bd

স্মারক নং: ০৭/কনি-০২/২৬

তারিখ: ২১/২/২০২০

বিষয়: ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে সর্বশেষ ৪র্থ পর্যায়ের অনলাইনের মাধ্যমে আবেদন, ফল প্রকাশ, নিশ্চয়ন ও কলেজে ভর্তির সময়সূচি।

সূত্র: বিবিধ/কলেজ/২০২০/২৪০ তারিখ ৩১/০১/২০২৩

শিক্ষার্থী, অভিভাবক ও বিভিন্ন কলেজের অধ্যক্ষগণের আবেদনের প্রেক্ষিতে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনের মাধ্যমে ভর্তির লক্ষ্যে পুণরায় ৪র্থ (সর্বশেষ) ধাপে আবেদন গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকসহ সকলকে নিম্নোক্ত সময়সূচি অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো। আবেদন পদ্ধতি শিক্ষা বোর্ড সমূহের নির্ধারিত ভর্তি ওয়েবসাইট www.xiclassadmission.gov.bd তে প্রদত্ত পূর্ণাঙ্গ নির্দেশিকা অনুসরণ করতে হবে। সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকদের কলেজে বিদ্যমান আসন সংখ্যা দেখে সর্বনিম্ন ০৫ (পাঁচ) টি এবং সর্বোচ্চ ১০ (দশ) টি কলেজে আবেদন করতে হবে।


২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ৪র্থ (সর্বশেষ) ধাপে অনলাইনের মাধ্যমে যে সকল শিক্ষার্থী আবেদন করতে পারবে;

১. যে সকল শিক্ষার্থী পূর্বে আবেদন করেনি বা আবেদন করে কোন কলেজে মনোনয়ন পায়নি;
২. যে, সকল শিক্ষার্থী চূড়ান্ত মনোনয়ন পেয়েছে কিন্তু কোন কারণে কলেজে নির্ধারিত তারিখের মধ্যে ভর্তি হতে পারেনি কিংবা নিশ্চয়ন করতে পারেনি।

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ৪র্থ (সর্বশেষ) ধাপে অনলাইনের মাধ্যমে ভর্তির জন্য নিম্নোক্ত সময়সূচি অনুসরণ করতে হবে;

ক্রমিক নং	বিষয়	তারিখ
০১	৪র্থ (সর্বশেষ) পর্যায়ের আবেদন গ্রহণ	০৬/০২/২০২৩ (সোমবার) থেকে ০৮/০২/২০২৩ (বুধবার রাত ৮.০০ টা পর্যন্ত)
০২	৪র্থ (সর্বশেষ) পর্যায়ের আবেদন যাচাই বাছাই	০৯/০২/২০২৩ (বৃহস্পতিবার)
০৩	৪র্থ (সর্বশেষ) পর্যায়ের আবেদনের ফল প্রকাশ	১২/০২/২০২৩ (রবিবার রাত ৮.০০ টায়)
০৪	৪র্থ (সর্বশেষ) পর্যায়ের শিক্ষার্থীর Selection নিশ্চয়ন ও কলেজে ভর্তি	১৩/০২/২০২৩ (সোমবার) থেকে ১৫/০২/২০২৩ (বুধবার বিকাল ৫.০০ টা পর্যন্ত)

বিঃদ্রঃ উল্লেখ্য, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০২২” অনুসরণপূর্বক অনলাইন ব্যতীত ম্যানুয়ালি কোন ভর্তি করা হবে না। এ বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান, অভিভাবক ও শিক্ষার্থীদের পুনরায় অবহিত কার যাচ্ছে।


চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী